মুজিবনগরে চার্চ অব বাংলাদেশ বল্লভপুর ডিনারীর আয়োজনে ফুটবল টুর্নামেন্ট

মুজিবনগরে যুব সমাজে শান্তি, আনন্দ, উৎসাহ ও প্রেরণা বৃদ্ধি এবং মাদকমুক্ত যুব সমাজ গড়ার লক্ষে চার্চ অব বাংলাদেশ বল্লভপুর ডিনারীর আয়োজনে দিনব্যাপী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে ডিনারীর অন্তর্গত প্যারিশ ও প্রতিষ্ঠানের সহযোগিতায় বিশপ কুষ্টিয়া ডায়োসিস রাইট রেভা:হেমেন হালদার এর সভাপতিত্বে, বল্লভপুর ডিনারীর ডিন রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল এর সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিশপ মহোদয়ের সহধর্মিনী কুষ্টিয়া ডায়াসিসের উইমেন্স ফেলোশিপ এর কনভেনর জেসিকা সুপর্ণা হালদার,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, ডিনারী সম্পাদক রিপন সরকার রিন্টু, বল্লভপুর মিশন হাসপাতালের এডমিন বিনিময় বিশ্বাস,রেভা:উজ্বল বিশ্বাস,রেভা: কর্নেলিয়াস মন্ডল, রেভা: গণেশ মার্ডিসহ ডিনারী অন্তর্গত প্যারিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ।

দিন ব্যাপি এই ফুটবল টুর্নামেন্টে কার্পাসডাঙ্গা, সাধু পিতরের গির্জা রতনপুর, নিত্যানন্দপুর,ইম্মানুয়েল চার্চ বল্লভপুর প্যারিশ, যুগিন্দা এবং ডিনারী কমিটিসহ ৬ টি ফুটবল দল অংশগ্রহন করে।

লিগভিত্তিক এই খেলায় সাধু পিতরের গির্জা রতনপুর এবং নিত্যানন্দপুর ফুটবল দল ফাইনালে উত্তীর্ণ হয়। ফাইনাল খেলায় নির্ধারিত সময়ে গোলশূন্য ড্র হলে ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। ট্রাইবেকারে নিত্যানন্দপুর ফুটবল দল সাধু-পিতরের গির্জা রতনপুর ফুটবল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

ভারতে খেলতে আসবেন নেইমার

সম্প্রতি ইউরোপ ছেড়ে সৌদি আরবের ক্লাব আল হিলালে যোগ দিয়েছেন ব্রাজিলিয়ান তারকা নেইমার। সেই সুবাদে ভারতে খেলতে আসছেন এই ব্রাজিলিয়ান তারকা। এএফসি চ্যাম্পিয়ন্স লিগের ড্রতে ভারতের মুম্বাই সিটি এফসির গ্রুপে পড়েছে সৌদি ক্লাব আল হিলাল। বৃহস্পতিবার (২৪ আগস্ট) এএফসি’র সদর দপ্তর মালয়েশিয়ার কুয়ালালামপুরে টুর্নামেন্টের ড্র ও সূচি চূড়ান্ত হয়েছে।

গত আইএসএলের লিগ শিল্ড জেতার জন্য এবার সরাসরি এএফসি চ্যাম্পিয়ন্স লিগে খেলার সুযোগ পেয়েছে মুম্বাই। চ্যাম্পিয়ন্স লিগে গ্রুপ ডি-তে পড়েছে ভারতের ক্লাব মুম্বাই, সৌদির আল হিলাল, ইরানের ক্লাব নাসাজি মাসান্দারান এবং উজবেকিস্তানের ক্লাব নবখর।

পুনের বালেওয়াড়ি স্টেডিয়ামে মুম্বাই বনাম আল হিলাল ম্যাচটি অনুষ্ঠিত হওয়ার কথা আছে। স্টেডিয়ামে দর্শকের ধারণ ক্ষমতা ১১ হাজারের কিছু বেশি। তার জন্য খুব বেশি মানুষ নেইমারকে দেখার সুযোগ পাবেন না।

কিছুদিন আগেই সৌদি ক্লাব আল হিলালে নেইমার ছাড়াও যোগ দিয়েছেন কাতার বিশ্বকাপে নজরকাড়া মরক্কোর গোলরক্ষক ইয়াসিন বোনো।

সূত্র: ইত্তেফাক

মোনাখালী ফুটবল টুর্নামেন্টে প্রথম সেমিফাইনাল পরিত্যক্ত

ঘোষণার দাবী

মোনাখালি ফুটবল টুর্নামেন্টে রেফারি, লাইন্সম্যান ও কমিটির পক্ষপাতিত্বের অভিযোগে এবং পুনরায় প্রথম সেমিফাইনাল ম্যাচ খেলানোর দাবীতে ‘শালিকা প্রবাসী ফুটবল একাডেমি’র সংবাদ সম্মেলন।

গতকাল বুধবার ২৩ আগষ্ট রাত সাড়ে দশটায় মেহেরপুর জেলা পরিষদের মূল ফটকের সামনে শালিকা প্রবাসী ফুটবল একাডেমির পক্ষ থেকে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তারা অভিযোগ করেন ম্যাচের একমাত্র গোলটি হয়েছে অফসাইড থেকে, এ নিয়ে ফুটবল টুর্নামেন্ট কমিটি রিভিউ দেখে ম্যাচের সমন্বয় করার প্রতিশ্রুতি দিলেও পরবর্তীতে তা অস্বীকার করে। সংবাদ সম্মেলনে শালিকা প্রবাসী ফুটবল একাডেমীর সদস্যরা ভিডিওতে অফসাইডের গোলটি প্রদর্শন করে দাবি করে টুর্নামেন্ট কমিটি ভিডিওটি দেখে যদি বৈধ গোল বলে ঘোষনা দেয় তবে তারা সেটা মেনে নেবে। কিন্তু যদি অফসাইড প্রমাণিত হয় তাহলে তাদের দাবি ম্যাচটা পুনরায় আয়োজন করার। এ নিয়ে বৃহস্পতিবার তারা জেলা প্রশাসক মেহেরপুর এবং জেলা ফুটবল এসোসিয়েশনে স্মারকলিপি জমা দেবে বলে তারা জানায়।

মোনাখালী ফুটবল টুর্নামেন্টে বিশ্বনাথপুর একাদশ ফাইনালে

মুজিবনগরের মোনাখালী ইউনিয়নে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসির আয়োজনে ফুটবল টুর্নামেন্টে প্রথম সেমিফাইনালে মুখোমুখি হয় বিশ্বনাথপুর যুব ক্লাব একাদশ এবং শালিকা প্রবাসী একাদশ দেশী বিদেশী খেলোয়াড়দের সমন্বয়ে গঠিত দুটি দল চমকপ্রদ খেলা উপহার দেয় দর্শকদের।

উত্তেজনাপূর্ণ খেলায় বিশ্বনাথপুর যুব ক্লাব একাদশ ১-০ গোলে জয় লাভ করেন।

খেলার প্রথমার্ধ গোলশূন্য ড্র করে বিরতিতে যাই দুই দল দ্বিতীয় অর্ধের শুরুতেই গোল করে এগিয়ে যায় বিশ্বনাথপুর একাদশ। মুহু মুহু আক্রমণ চালিয়ে গোল শোধ করতে ব্যর্থ হয় শালিকা প্রবাসী ফুটবল একাদশ। ১ গোলের জয় নিয়ে ফাইনালে উত্তীর্ণ হয় বিশ্বনাথপুর যুব ক্লাব একাদশ।

খেলা শুরুতেই জাতীয় সংগীত বাজানো হয় এ সময় খেলোয়ারদের সাথে পরিচিত হন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আয়োজক কমিটির সভাপতি মফিজুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য হাবিবুর রহমানসহ কমিটির সদস্যবৃন্দ।

খেলাটি পরিচালনা করেন খেলা পরিচালনায়: ম্যাচ রেফারি ছিলেন এম. এস রিয়ান চুয়াডাঙ্গা, সহকারী রেফারি ফারাহ হোসেন লিটন আমঝুপি,সহকারী রেফারি আব্বাস আলী গাংনী, ৪র্থ রেফারি সোহেল রানা মুজিবনগর।

খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হয়েছেন বিশ্বনাথপুর একাদশের তাইবুর।

এখন স্বপ্ন বিশ্বকাপ ও এশিয়া কাপ: সাকিব

ক্লান্তি যেন ছুঁতে পারে না বিশ্বসেরা টাইগার অলরাউন্ডার সাকিব আল হাসানকে। গেল মাসে আফগানিস্তানের বিপক্ষে সিরিজ শেষ করেই উড়াল দিয়েছিলেন কানাডার উদ্দেশে। সেখানে গ্লোবাল টি-টোয়েন্টি লিগে সরাসরি যান লঙ্কান প্রিমিয়ার লিগে সেটা শেষ করে আবার পাড়ি জমান দু্বাইয়ে এক স্বর্ণের দোকার উদ্বোধনের উদ্দেশ্যে। সব শেষ করে গত পরশু দেশে ফিরেছেন টাইগার এই অধিনায়ক। তবে দেশে ফিরেও থেমে নেই। বলা যায় বিশ্রামে থাকতেই পারেন না সাকিব। তবে তা তার কাছে নতুন নয়। জাতীয় দলের খেলা না থাকলে এইটা তার নিত্য রুটিন।

মঙ্গলবার সকালে চলে যান সাকিব চলে যান বরিশালের গৌরনদী উপজেলার সুন্দরদী গ্রামের একটি হাসপাতালের চিকিত্সা কার্যক্রমে অংশ নেন সাকিব। সকাল ১০টায় হেলিকপ্টারে সেখানে পৌঁছান তিনি। পরে দুপুর সাড়ে ১২টায় হেলিকপ্টারযোগে ফের ঢাকা ফিরে আসেন তিনি। এখানে এসেও যোগ দিয়েছেন একটি মুঠোফোন কোম্পানির শুটিং। সোমবার ঢাকায় ফিরে গণমাধ্যমের মুখোমুখি না হলেও এদিন সংবাদমাধ্যমের মুখোমুখি হন সাকিব। বরিশালে তিনি তার বর্তমান চিন্তাভাবনা সম্পর্কে জানান, ‘এখন স্বপ্ন বিশ্বকাপ ও এশিয়া কাপ (জয়)। বাকিটা পরে দেখা যাবে।’

এছাড়া মঙ্গলবার বিকালে ঢাকায় গণমাধ্যমে সাকিব জানান এ ব্যস্ত সূচি তিনি উপভোগ করছেন। বলেন, ‘পেশাদার ক্রিকেটার হিসেবে আমাদের এগুলো ম্যানেজ করেই চলতে হয়। যেহেতু সময় এত বেশি নেই। এই অল্প সময়ে সবকিছু ম্যানেজ করার একটা ওয়ে তো বের করাই লাগে। একটু ব্যস্ততা থাকে। কিন্তু ভালোই লাগে ব্যস্ততা।’ এদিকে গত বিশ্বকাপে টাইগারদের হয়ে দারুণ পারফর্ম করেছিলেন বিশ্বসেরা এই অলরাউন্ডার। ব্যাট হাতে ৬০৬ রানের সঙ্গে বল হাতে নেন ১০ উইকেট। এবারের বিশ্বকাপে এমন কিছু পরিকল্পনা আছে কি না জানতে চাইলে তিনি বলেন, ‘ওরকম কোনো কিক নেই। শুধু চেষ্টা করতেছি যতটা ফিট থাকা যায়। যেহেতু সামনে আমাদের গুরুত্বপূর্ণ টুর্নামেন্ট বা সিরিজ আছে। প্রচুর খেলা আছে, ইনজুরি হওয়ার সম্ভাবনাটা বেশি।’

এর আগে এদিন বরিশালে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে টাইগার অধিনায়ক বলেন, ‘এখানে এসে খুবই ভালো লাগছে। এরকম তো আসলে মানুষের সঙ্গে মেশার সুযোগ হয় না। একটা মহৎ উদ্যোগের সঙ্গে থাকতে পেরে নিজের খুব ভালো অনুভূতি হচ্ছে। একই সঙ্গে যেহেতু বরিশালে খুব একটা আসা হয় না, ক্রিকেটে আন্তর্জাতিক ম্যাচ যেহেতু হয় না। স্বাভাবিকভাবে আসার সম্ভাবনাটা খুবই কম থাকে। এভাবে আসতে পেরে খুবই ভালো লাগছে। আশা করি শুধু বরিশাল না, পুরো বাংলাদেশের সবাই আমাদের সবসময় সমর্থন দেয়। বরিশালবাসীও অনেক বেশি সাপোর্ট করবে। সামনে যে বিশ্বকাপ ও এশিয়া কাপ আছে ওখানে আমরা ভালো করব।’

জানা গেছে, আজ বিশ্রামে কাটিয়ে আগামীকাল থেকেই যোগ দিবে মিরপুরে চলমান এশিয়া কাপ স্কোয়াডের অনুশীলন ক্যাম্পে। দল দেশ ছাড়ার আগে এই ক্যাম্প চলবে ২৫ আগস্ট পর্যন্ত, তাই বলা যায় দলের সঙ্গে অধিনায়ক অনুশীলন করবে মাত্র দুই দিন। পরে ২৬ আগস্ট দল উড়াল দেবে শ্রীলঙ্কায়।

সূত্র: ইত্তেফাক

এশিয়া কাপে এবাদতের জায়গায় নতুন মুখ সাকিব

শেষ হয়ে গেছে এবাদত হোসেনের এশিয়া কাপ। হাঁটুর চোটে এই পেসার ছিটকে গেলে তার জায়গায় কে যুক্ত হচ্ছেন, সেটি ছিল জানার অপেক্ষায়। অবশেষে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এবাদতের বদলির নাম ঘোষণা করেছে। এশিয়া কাপের দলে যোগ হয়েছেন নতুন মুখ তানজিম হাসান সাকিব।

গত ১২ আগস্ট এশিয়া কাপের দল ঘোষণা করেছিল নির্বাচক কমিটি। সেই দলে স্ট্যান্ডবাই তালিকায় ছিলেন তানজিম সাকিব। এবাদতের চোটে এবার মূল দলের দরজা খুলে গেল এই পেসারের। ৩৭ লিস্ট ‘এ’ ম্যাচে তার ৫৭ উইকেট। সম্প্রতি ইমার্জিং এশিয়া কাপের তিন ম্যাচে ৯ উইকেট নিয়ে নজর কাড়েন তানজিম সাকিব।

এদিকে এশিয়া কাপ শুরুর আগেই সব শেষ হয়ে গেল এবাদতের। আফগানিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজে হাঁটুর চোটে পড়েছিলেন। আশা ছিল, এশিয়া কাপের আগেই সেরে উঠবেন। তবে সেটি হয়নি।

এবাদতের চোট নিয়ে বিসিবির প্রধান চিকিৎসক দেবাশীষ চৌধুরী বলেছেন, ‘ইনজুরির পর ছয় সপ্তাহ পুনর্বাসনে ছিলেন এবাদত। এই সময়ে অনেক এমআরআই করানো হয়েছে তার। রিপোর্ট বলছে, তার অবস্থা এখনও উদ্বেগজনক এবং আরও চিকিৎসা দরকার। তিনি এশিয়া কাপ খেলতে পারবেন না।’

এশিয়া কাপে বাংলাদেশের প্রথম ম্যাচ ৩১ আগস্ট। ক্যান্ডিতে সেদিন শ্রীলঙ্কার মুখোমুখি হবে লাল-সবুজ জার্সিধারীরা। পরের ম্যাচ ৩ সেপ্টেম্বর লাহোরে, প্রতিপক্ষ আফগানিস্তান।

বাংলাদেশ দল: সাকিব আল হাসান (অধিনায়ক), লিটন দাস, তানজিদ হাসান তামিম, নাজমুল হোসেন শান্ত, তাওহিদ হৃদয়, মুশফিকুর রহিম, মেহেদী হাসান মিরাজ, তাসকিন আহমেদ, মোস্তাফিজুর রহমান, মেহেদী হাসান, হাসান মাহমুদ, নাসুম আহমেদ, শামীম হোসেন, শরিফুল ইসলাম, আফিফ হোসেন, নাঈম শেখ, তানজিম হাসান সাকিব।

সূত্র: ইত্তেফাক

বিশ্বকাপ জিতে রূপকথা লিখলো স্পেন

রূপকথাই তো। এক বছর আগে খেলোয়াড় বিদ্রোহের কারণে জাতীয় দলের বেশির ভাগ সিনিয়র ফুটবলারকেই হারিয়ে ফেলেছিল স্পেন। পরে জোড়াতালির মাধ্যমে গড় দলে প্রস্তুতি নেয় বিশ্বকাপের। তৃতীয় বারের মতো বিশ্বকাপের মূলপর্বে অংশ নেওয়া স্পেন ফেভারিট তালিকাতেই ছিল না। সেই দলটিই কি না জিতে নিল প্রথম বারের মতো বিশ্বকাপ শিরোপা!

গতকাল সিডনির স্টেডিয়াম অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত ফাইনালে ইংল্যান্ডকে ১-০ গোলে হারিয়ে শিরোপা জিতে নিয়েছে স্পেনের মেয়েরা। ম্যাচের একমাত্র গোলটি করে স্পেনবাসীকে বিশ্বজয়ের আনন্দে ভাসিয়েছেন ওলগা কারমোনা। সুইডেনের বিপক্ষে সেমিফাইনালেও স্পেনের জয়সূচক গোলটা করেছিলেন তিনিই। স্পেনের পুরুষ দল ২০১০ সালে প্রথম বারের মতো বিশ্বকাপ জিতেছিল দশম বারের চেষ্টায়। সেখানে স্পেনের মেয়েরা বাজিমাত করল তৃতীয় বারেই। ২০১৫ সালে প্রথম বারের মতো বিশ্বকাপের মূলপর্বে খেলার যোগ্যতা অর্জন করে স্পেনের মেয়েরা। কানাডায় অনুষ্ঠিত ২৪ দলের সেই আসরের গ্রুপপর্ব থেকেই বিদায় নিতে হয় স্পেনের মেয়েদের। নিজেদের গ্রুপে চতুর্থ হওয়া স্পেন সব মিলিয়ে হয়েছিল ২০তম! ২০১৯ সালে দ্বিতীয় বার বিশ্বকাপে এসে স্পেনের মেয়েরা উঠেছিল শেষ ষোলোতে। টানা তৃতীয় বারের মতো বিশ্বকাপে খেলতে এসে সেই স্পেন এবার এক লাফে চ্যাম্পিয়ন! সেটাও ভাঙাগড়া দল নিয়ে।

স্পেনের পুরুষ দলের সঙ্গে মেয়ে দলের একটা মিল অবশ্য আছে। পুরুষ দলও বিশ্বকাপ জিতেছিল ফাইনালে প্রতিপক্ষ নেদারল্যান্ডসকে ১-০ গোলে হারিয়ে। গতকাল স্পেনের মেয়েরাও ইংল্যান্ডকে হারিয়েছে সেই ১-০ গোলেই। প্রতিপক্ষ ইংল্যান্ডও ফাইনালে উঠেছিল এবারই প্রথম। জিতলে তারাও বিশ্বচ্যাম্পিয়ন হতো প্রথম বারের মতো। কিন্তু

ইংল্যান্ডের মেয়েরা ইতিহাসটা লিখতে পারেননি। তাদেরকে তা লিখতে দেয়নি স্পেনের তারুণ্যনির্ভর দলটি। নামে-ভারে ফাইনালে ইংল্যান্ডই ছিল ফেভারিট। কিন্তু সিডনির ফাইনালে গ্যালারির ৭৫ হাজার ৭৮৪ জন দর্শককে সাক্ষী রেখে, ম্যাচের শুরু থেকেই প্রাধান্য বিস্তার করে খেলতে থাকে স্পেনের মেয়েরা। স্পেন মাঠের লড়াইয়ের একচ্ছত্র আধিপত্যের ফলও পায় ২৯ মিনিটে। দারুণ এক গোল করে স্পেনকে এগিয়ে দেন ওলগা কারমোনা। খানিক পরই ব্যবধান দ্বিগুণ করার সুযোগ পেয়েছিল স্পেন। কিন্তু মিডফিল্ডার জেনিফার হেরমোসোর দুর্বল শট দারুণ দক্ষতায় ধরে ফেলেন ইংল্যান্ডের গোলরক্ষক ম্যারি ইয়ার্পস। বাকি সময়ে আর কোনো গোল না হওয়ায় স্পেনের মেয়েরা মেতে উঠে বিশ্বজয়ের আনন্দে। ইংলিশদের ফেলতে হয় চোখের জল।

মেয়েদের ফুটবলে যুক্তরাষ্ট্র, নরওয়ে, জার্মানি ও জাপানের পর পঞ্চম দেশ হিসেবে বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করল স্পেন।

নিউজিল্যান্ডকে হারিয়ে আরব আমিরাতের ইতিহাস

টেস্ট না খেলা দেশের কাছে না হারার রেকর্ড নিজেদের দখলে রেখেছিল নিউজিল্যান্ড। তবে তাদের সেই রেকর্ড ভেঙে দিয়েছে সংযুক্ত আরব আমিরাত। তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের দ্বিতীয় ম্যাচে নিউজিল্যান্ডকে ৭ উইকেটে হারিয়ে নিজেদের টি-টোয়েন্টি ক্রিকেটে ইতিহাস গড়েছে সংযুক্ত আরব আমিরাত। জিম্বাবুয়ে, আফগানিস্তান ও আয়ারল্যান্ডের বাইরে আইসিসির পূর্ণ সদস্য কোন দলের বিপক্ষে প্রথম জয়ের স্বাদ পেয়েছে আরব আমিরাত। এই জয়ের তিন ম্যাচের সিরিজে ১-১ সমতাও আনলো আরব আমিরাত। প্রথম ম্যাচে ১৯ রানে জয় পেয়েছিলো নিউজিল্যান্ড।

গতরাতে দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে প্রথমে বোলিংয়ে নামে সংযুক্ত আরব আমিরাত। ব্যাট করতে নেমে আরব আমিরাতের বাঁহাতি স্পিনার আয়ান আফজাল খানের ঘূর্ণিতে ৩৮ রানেই ৪ উইকেট হারায় নিউজিল্যান্ড। চ্যাড বোয়েস ২১, মিচেল স্যান্টনার ১ ও

ড্যান ক্লেভার শূন্যতে আফজালের শিকার হন।

পঞ্চম উইকেটে ২৭ রান যোগ করে শুরুর ধাক্কা সামলে ওঠার চেষ্টা করেন মার্ক চাপম্যান ও কোলি ম্যাকোঞ্চি। দলীয় ৬৫ রানে চাপম্যান ও ম্যাককঞ্চির জুটি ভাঙ্গেন স্পিনার মোহাম্মদ ফারাজউদ্দিন। ৯ রান করে আউট হন ম্যাককঞ্চি। ষষ্ঠ উইকেটে ৩২ বলে ৫৩ রান তুলে নিউজিল্যান্ডকে লড়াইয়ে ফেরান চাপম্যান ও জেমস নিশাম। দলীয় ১১৮ রানে নিশামকে ব্যক্তিগত ২১ রানে থামিয়ে আরব আমিরাতকে ব্রেক-থ্রু এনে দেন পেসার আলি নাসের।

ইনিংসের শেষ ওভারে আউট হওয়ার আগে টি-টোয়েন্টিতে ষষ্ঠ হাফসেঞ্চুরি তুলে নেন চাপম্যান। ৪৬ বলে ৬৩ রান করেন তিনি। চাপম্যানের হাফসেঞ্চুরিতে ২০ ওভারে ৮ উইকেটে ১৪২ রানের সংগ্রহ পায় নিউজিল্যান্ড। ৪ ওভারে ২০ রানে ৩ উইকেট নেন ১৭ বছর বয়সী আফজাল।

১৪৩ রানের টার্গেটে ব্যাট করতে নেমে প্রথম ওভারেই উইকেট হারায় আরব আমিরাত। আরিয়ানাশ শর্মাকে খালি হাতে সাজঘরে ফেরান নিউজিল্যান্ডের অধিনায়ক টিম সাউদি। দ্বিতীয় উইকেটে ৪০ রানের জুটি গড়ে শুরুর ধাক্কা সামাল দেন আরব আমিরাতের অধিনায়ক মোহাম্মদ ওয়াসিম ও বৃত্তিয়া অরবিন্দ। ২১ বলে ২৫ রান করা অরবিন্দকে আউট করে জুটি ভাঙ্গেন পেসার কাইল জেমিসন।

৪০ রানে দ্বিতীয় উইকেট পতনের পর নিউজিল্যান্ডের বোলারদের উপর চড়াও হন ওয়াসিম ও আসিফ খান। মাত্র ৩১ বল খেলে ৫৬ রান যোগ করে দলকে লড়াইয়ে রাখেন তারা। ২৭ বল খেলে অষ্টম হাফসেঞ্চুরির তুলে নেন ওয়াসিম। তবে হাফ-সেঞ্চুরি করার ১ বল পরই আউট হন তিনি। ২৯ বলে ৫৫ রান করেন ওয়াসিম।

দলীয় ৯৬ রানে ওয়াসিম ফেরার পরও নিউজিল্যান্ডের বোলারদের উপর মারমুখী মেজাজেই ছিলেন আসিফ। চতুর্থ উইকেটে বাসিল হামিদের সঙ্গে ২৮ বলে অবিচ্ছিন্ন ৪৮ রান তুলে ২৬ বল হাতে রেখে আরব আমিরাতের জয় নিশ্চিত করেন আসিফ। ২৯ বলে অপরাজিত ৪৮ রান করেন আসিফ। ১২ বলে ১২ রানে অপরাজিত থাকেন বাসিল।

সূত্র: ইত্তেফাক

গেমারদের জন্য টুর্নামেন্ট ‘ডি১ কাপ বাংলাদেশ’, প্রাইজমানি ৪০ লাখ টাকা

বিশ্বজুড়ে গেমারদের কাছে জনপ্রিয় নাম ইস্পোর্টস। বাংলাদেশেও স্পোর্টসের এই ধরনটা দারুণ জনপ্রিয়। ইস্পোর্টসের এই জনপ্রিয়তা ও বাংলাদেশের গেমিং সেক্টরে এর বিশাল সম্ভাবনার কথা মাথায় রেখে ডিসকভারি ওয়ান লিমিটেড গতবারের মতো এবারেও আয়োজন করতে চলেছে দেশের সবচেয়ে বড় ইস্পোর্টস টুর্নামেন্ট ‘ডি১ কাপ বাংলাদেশ ২০২৩, পাওয়ার্ড বাই বিকাশ’। সারাদেশ থেকে তিন শতাধিক টিমের অংশগ্রহণে জমে উঠবে এবারের আসর।

বাছাই পর্ব অনলাইনে অনুষ্ঠিত হলেও টুর্নামেন্টের গ্র্যান্ড ফিনালে অনুষ্ঠিত হবে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি)-তে। এইদিন ফাইনাল রাউন্ড ও তার পুরস্কার বিতরণীর পাশাপাশি আয়োজন করা হবে নানা বিনোদনমূলক অনুষ্ঠানও। মোট তিনটি জনপ্রিয় ইস্পোর্টস গেম- ‘ভ্যালোরেন্ট’, ‘সিএস: গো’, এবং ‘মোবাইল লিজেন্ডস: ব্যাং ব্যাং’ খেলা যাবে এই টুর্নামেন্টে। এই গেমগুলোর মধ্যে প্রথম দু’টি কম্পিউটার গেম এবং এমএলবিবি একটি মোবাইল গেম। টুর্নামেন্টে অংশগ্রহণকারী সকল গেমারকে প্রায় এক মাসব্যাপী এই তিনটি গেমে অংশগ্রহণ করতে হবে।

টুর্নামেন্টের সেরা ৩২টি টিমের জন্য রয়েছে বিভিন্ন ক্যাটাগরির পুরস্কার জেতার সুযোগ। এছাড়া, দর্শক ও শ্রোতাদের জন্য থাকছে প্রায় ৩ লক্ষ টাকা সমমূল্যের পুরস্কার। পুরস্কারের অর্থ ছাড়াও প্রত্যেক পুরস্কারপ্রাপ্ত দল ও খেলোয়াড়কে ট্রফি এবং অন্যান্য আকর্ষণীয় পুরস্কার দেওয়া হবে। সব মিলিয়ে, এই টুর্নামেন্টের মোট প্রাইজভ্যালু ৪০ লক্ষ টাকা।

বাংলাদেশের গেমিং সেক্টরে নতুন মাইলফলক তৈরি করার জন্য এই আয়োজনের অন্যতম প্রধান পৃষ্ঠপোষক হিসেবে যোগ দিয়েছে দেশের সবচেয়ে বড় মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশ।

এবারের আয়োজন সম্পর্কে ডিসকভারি ওয়ান লিমিটেড-এর কো-ফাউন্ডার শাদাব হোসেন বলেন, “আমরা খুবই আশাবাদী এবারের আয়োজন নিয়ে। গত বছর আমরা ডি ওয়ান কাপ প্রথমবারের মতো আয়োজন করি। মাত্র এক বছরের ভেতরেই আমাদের সাথে বিকাশ, মাউন্টেইন ডিউসহ বেশ কিছু বড় ব্র্যান্ড যুক্ত হয়েছে। শীঘ্রই আমরা শুধুমাত্র বাংলাদেশ নয় বরং পুরো দক্ষিণ এশিয়ার দেশগুলির জন্য টুর্নামেন্ট আয়োজন করতে পারবো এবং আমাদের সহযোগী ব্র্যান্ডগুলিকে এই খাতের উন্নয়নে ও গেমারদের উন্নতির জন্য সাথে পাবো বলে আশা করি।”

সূত্র: ইত্তেফাক

রিয়ালের গোলরক্ষক কোর্তোয়ার অস্ত্রোপচার সম্পন্ন

স্প্যানিশ ক্লাব রিয়াল মাদ্রিদের গোলরক্ষক থিবো কোর্তোয়ার হাঁটুর সফল অস্ত্রোপচার হয়েছে। ক্লাবের পক্ষ থেকে একথা জানানো হয়েছে। নতুন মৌসুম শুরুর আগেই ইনজুরির কবলে পড়েছিলেন বেলজিয়ামের এই তারকা গোলরক্ষক।

সংক্ষিপ্ত এক সংবাদ বিজ্ঞপ্তিতে রিয়াল মাদ্রিদ জানায়, সফলতার সঙ্গে বেলজিয়ান আন্তর্জাতিক তারকার অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে। এর মাধ্যমে তার বাঁ পায়ের হাঁটুর লিগামেন্ট সমস্যার সমাধান হয়েছে। আগামী কয়েক দিনের মধ্যে কোর্তোয়ার পুনর্বাসন কার্যক্রম শুরু হবে বলেও জানায় স্প্যানিশ জায়ান্টরা।

তবে মাঠে ফিরতে তার কতটা সময় লাগবে সে বিষয়ে নির্দিষ্ট করে কিছু জানায়নি ক্লাবটি। পুরো মৌসুম তাকে মাঠের বাইরে কাটাতে হবে বলে আশঙ্কা করা হচ্ছে। এক সপ্তাহ আগে দলীয় অনুশীলনের সময় ইনজুরিতে পড়েন রিয়ালের এই গোলরক্ষক। দীর্ঘ দিন তার অনুপস্থিতির আশঙ্কায় কেপা আরিজাবালাগাকে দলভুক্ত করেছে ক্লাবটি। চেলসি থেকে পুরো মৌসুমের জন্য চুক্তিবদ্ধ হওয়া ওই গোলরক্ষককে গত মঙ্গলবার পরিচয় করিয়ে দেয় মাদ্রিদ।

এদিকে গত শনিবার অ্যাথলেটিকো বিলবাওয়ের বিপক্ষে লা লিগায় নিজেদের প্রথম ম্যাচে খেলতে নেমে একই রকম ইনজুরির শিকার হয়েছেন ক্লাবটির ব্রাজিলীয় ডিফেন্ডার এডার মিলিতাও। অচিরেই তারও অস্ত্রোপচার করা হবে জানিয়েছে রিয়াল।

সূত্র: ইত্তেফাক